দৈনিক বাংলা

২১

তারিখ ... 24 FEB 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২

২৩

# পটুয়াখালীর ৪৮ হাজার ছাত্র–ছাত্রীর হাতে এখনও পাঠ্যবই পৌঁছায়নি

(নিজস্ব সংবাদদাতা)

পটুয়াখালী, ২৬শে ফেব্রুয়ারী।– পটুয়াখালী জেলায় স্কুলে পড়ার উপযুক্ত ৫৫ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিচ হচ্ছে। এদিকে, ৪৮ হাজার ছাত্র–ছাত্রীর হাতে এখনও বিনামূল্যের পাঠ্যবই পৌছেনি।

এ জেলায় বর্তমানে ৭শ ৯৭টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এরমধ্যে ৫শ ৭২টি সরকারী, ১শ ৬৬টি অনুমোদিত বেসরকারী এবং ৫৯টি অননুমোদিত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়রয়েছে।

প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলার ৬টি উপজেলায় ৬ থেকে ১০ বছরের বিদ্যালয় গমনোপোযোগী শিশুর সংখ্যা ২ লাখ ৪৩ হাজার। এরমধ্যে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১ লাখ ৪৬ হাজার ৫শ এবং বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৪১ হাজার ৮শ ছাত্র–ছাত্রী পড়াশুনা করছে। ৫৫ হাজারেরও বেশী বিদ্যালয় গমনোপোযোগী শিশু–কিশোর প্রাথমিক শিক্ষা লাভের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এদের পরিবারের আর্থিক দৈন্যতাই শিক্ষা থেকে বঞ্চিত হওয়ার অনাতম কারণ।

শিক্ষাবঞ্চিত শিশুর সংখ্যা সবচেয়ে বেশী পটুয়াখালী সদর ও গলাচিপা উপজেলায়। এ দু'টি উপজেলায় যথাক্রমে ১৯ হাজার ৬শ ও ১৫ হাজার ৪শ শিশু শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে।

এদিকে, চলতি বছরে পটুয়াখালী জেলায় প্রাথমিক বিদ্যালয়ের ১ লাখ ৪০ হাজার সেট পাঠ্যবই ছাত্র–ছাত্রীদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। অথচ, এ জেলায় অধ্যয়নরত ছাত্র–ছাত্রীর সংখ্যা হচ্ছে ১ লাখ ৮৮ হাজার ৩শ। এখানো ৪৮ হাজার ছাত্র–ছাত্রী বিনামূল্যের বই পায়নি।